# পাঁচ দাবিতে বিভাগীয় শহরজুড়ে সমাবেশে নামছে জামায়াতসহ ৮ ইসলামী দল




সংগৃহীত ছবি

আগামী জাতীয় নির্বাচন সামনে রেখে পাঁচ দফা দাবিতে আগামী ৩০ নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত দেশের সাতটি বিভাগীয় শহরে ধারাবাহিক সমাবেশ আয়োজনের ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামীসহ সমমনা আট ইসলামী দল। বুধবার (১৯ নভেম্বর) সন্ধ্যায় বাংলাদেশ খেলাফত মজলিসের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত লিয়াজোঁ কমিটির বৈঠক শেষে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

বৈঠকে অংশ নেওয়া নেতারা জানান, পাঁচ দফা দাবি থেকে তারা একটুও সরে দাঁড়াচ্ছেন না। আগামীর নির্বাচনে সমান সুযোগ বা লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করা হবে কিনা—সেটাই এখন মূল প্রশ্ন। নির্বাচনে কোনো বিশেষ রাজনৈতিক শক্তিকে সুবিধা দেওয়ার উদ্যোগ নেওয়া হলে ৮ দল তা কোনোভাবেই মেনে নেবে না বলেও তারা স্পষ্ট করে দেন।

নেতারা আরও ইঙ্গিত দেন, বিদ্যমান প্ল্যাটফর্মে আরও কয়েকটি দল যুক্ত হতে পারে। একইসঙ্গে জাতীয় নির্বাচনের প্রস্তুতি ও পাঁচ দফা দাবি আদায়ের আন্দোলন সমান্তরালভাবে চালিয়ে যাওয়ার ঘোষণা দেন তারা।

LENS ASIA